

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/চিশিজ-২/ আইএইচটি-৫/২০০৯/৭) ২

তারিখঃ ১১-০৪ -২০১১ খ্রিষ্টাব্দ ।

বিষয় : বাংলাদেশ ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজী, বোয়ালিয়া, রাজশাহী এর শিক্ষাকার্যক্রম চালুর অনুমোদন ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১-১১-২০১০ তারিখে সরকারী/বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ আইএইচটি/ ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজী, হেতেম খাঁ, বোয়ালিয়া, রাজশাহী- এ নতুন আইএইচটি স্থাপনসহ মেডিকেল টেকনোলজী, ল্যাবরেটরী-তে ২৫টি এবং মেডিকেল টেকনোলজী, ফার্মেসী-তে ২৫টি আসনের অনুমোদন দেয় হয়। এক্ষেত্রে অনুমোদনপত্রের শর্তানুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ২টি কোর্সের অনুমোদন ফি বাবদ(প্রতিটি কোর্সের জন্য ৫০,০০০/-টাকা হিসেবে) সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জমা প্রদান করায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে শিক্ষা কার্যক্রম চালুকরণের নিমিত্ত নির্দেশক্রমে মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রদান করা হলো।

(কাজী শফিকুল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০১৭১১-৩২৯৭০৩

ই-মেইলঃ safiq737@hotmail.com

চেয়ারম্যান

বাংলাদেশ ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজী
হেতেম খাঁ, বোয়ালিয়া, রাজশাহী।

নং-স্বাপকম/চিশিজ-২/ আইএইচটি-৫/২০০৯/ ৭) ২/১ (৫)

তারিখঃ ১১-০৪ -২০১১ খ্রিষ্টাব্দ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক(চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, বিজয়নগর, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(কাজী শফিকুল আলম)
সিনিয়র সহকারী সচিব